

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৩২

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস, হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো পূর্বে উল্লেখিত হাদীসের বিপরীত

ذِكْنُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّهُ مُضَادُّ لِلْخَبَرِ الَّذِي تَقَدَّمَ ذِكْنُنَا لَهُ

আরবী

3232 _ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ الضَّرِيرُ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ قَالَ: أَتَيْنَا خَبَّابًا نَعُودُهُ فَقَالَ: قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ قَالَ: أَتَيْنَا خَبَّابًا نَعُودُهُ فَقَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّ الرَّجُلَ لَيُؤْجَرُ فِي نَفَقَتِهِ كَلها إلا في هذا التراب)

الراوي: قَيْس بْن أَبِي حَازِمٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3232 ا خلاصة حكم المحدث: صحيح – ((الصحيحة)) (2831). قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: مَعْنَى هَذَا الْخَبَرِ: لَا يُؤْجَرُ إِذَا أَنْفَقَ فِي التُّرَابِ فَضْلًا عَمَّا يَحْتَاجُ إِلَيْهِ مِنَ الْبِنَاءِ

বাংলা

৩২৩২. কাইস বিন আবূ হাযিম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "নিশ্চয়ই মানুষকে তার সমস্ত খরচের জন্য সাওয়াব দেওয়া হয়, তবে এই মাটিতে (স্থাপনা নির্মাণে) যা খরচ করে সেটা ব্যতীত।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটির অর্থ হলো মানুষ যখন তার প্রয়োজনের অতিরিক্ত স্থাপনা নির্মাণে খরচ করে, সেজন্য তাকে কোন সাওয়াব দেওয়া হয় না।"

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৫/১০৯; হুমাইদী: ১৫৪; সহীহুল বুখারী: ৫৬৭২; তাবারানী: ৩৬৩২; তিরমিযী: ২৪৮৩; ইবনু মাজাহ: ৪১৬৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৮৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ক্বায়স ইবন আবু হাযিম (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন